A Tribute to BAPU on His 150th Birth Anniversary

Volume 1, Issue 1
2nd October, 2019

CANVAS

A Bilingual E-Magazine



GITANJALI TEACHERS' TRAINING COLLEGE
CHOA, HARIHARPARA, MURSHIDABAD

Volume 1
Issue 1

EDITORIAL

*Welcome to the 1st Edition of our first bilingual E-magazine, **CANVAS**. We are really proud and exuberant to acclaim that in this very issue we have got the opportunity to celebrate the 150th birth anniversary of Bapu, Mohandas Karamchand Gandhi.*

This magazine is to be viewed as a launch pad for students' creative urges to blossom. As well as it can be viewed as a window through which we can express our ideas on society and education. This humble initiative is to allow the budding minds free to roam in the realm of imagination and experience which creates a world of beauty in words.

This issue is primarily focused on two points, the views and thoughts of Gandhiji and the grave concern on the addiction to single-use or disposable plastic which creates severe environmental consequences. There are a number of things that governments can do – from running public awareness campaigns, to offering incentives for recycling, to introducing levies or even banning certain products. In the last decade, dozens of national and local governments around the world have adopted policies to reduce the use of disposable plastic. Being a country of 1.37 billion people India is struggling to dispose its growing quantities of plastic waste. We are approaching towards a massive destruction which can only be cured through consciousness in our day to day life.

William Wordsworth, had once marvelled at "a host of golden daffodils ... fluttering and dancing in the breeze." And as the editor of this magazine, I too experienced such delightful moments as we wandered, mesmerized among the magical daffodils of words woven by our very own talented and creative students.

Mid-way through editing and designing a pile of articles which I was nose deep in and with the thoughts of the zillion things that 'JUST HAD TO BE DONE'; I pulled at my hair for the very first time. This was the first of many such moments! I felt from my heart that putting a magazine together was no cake walk. I along with my editorial team members have struggled a lot to make this magazine stand out.

I would like to thank all my editorial team members for helping me pull this through. I express my considerable appreciation to all the authors of the articles in this magazine. These contributions have required a generous amount of time and effort. It is this willingness to share knowledge, concerns and special insights with fellow beings that has made this magazine possible.

We hope the magazine continues to evolve as a creative and vibrant space for the students to discover and nurture their literary talent.

SOUMAVA SINHA



EDITOR

SOUMAVA SINHA

CO-EDITOR

NABANITA BHATTACHARYA

THANKS TO

- MAJIB MONDAL
- DINESH MONDAL
- HUMAYUN KABIR BISWAS
- SOURABH GHOSH
- MOPASA ROSE
- PREETI HALDER
- PRABIR GHOSH

SPECIAL THANKS TO

KAPOT RANJAN BANERJEE
Secretary, GTTC
PIJUSH KANTI PAL
President, GTTC

GITANJALI TEACHERS TRAINING COLLEGE
ESTD. - 2012
W.B.
CHOA, HARIHARPARA, MSD.

SPECIAL POINTS OF INTEREST:

- Mahatma Gandhi– His Life and Philosophy.
- Value Education.
- Teacher Education.
- Teacher-Student Relationship.
- Plastic Pollution & Its Prevention.
- Environment & Our Responsibilities.



"MY LIFE IS MY MESSAGE"

INDEX

INSIDE THIS ISSUE:

স্মরণালোকে জাতির জনক	4
From MOHAN to MAHATMA	8
মহাত্মা গান্ধীর মূল্যবোধ শিক্ষা	9
শিক্ষার্থী-শিক্ষক সম্পর্ক	10
একজন শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে কেমন সম্পর্ক হওয়া উচিত	11
শিক্ষার গুরুত্ব	12
শিক্ষক প্রশিক্ষণ এক বাঞ্ছনীয় প্রক্রিয়া	14
The Three Wise Monkeys	15
#BEAT_PLASTIC_POLLUTION	16
Our planet is drowning in Plastic Pollution	17
Our Responsibilities on Environment	19
Teacher-Student Relationship	20
'Guru-Shishya'	20
Poster– M. K. GANDHI	21
The Prophet and the Poet	22
ENDNOTE- TEACHER EDUCATION INSTITUTIONS: QUALITY VS QUANTITY	23

স্মরণালোকে জাতির জনক



"জগতে কচি মহাগুরুর আবির্ভাব হয়। এইরূপ গুরুর আগমনের পূর্বে হয়তো শত শত ব সর চলিয়া যায় তাহার জীবনের মধ্যে দিয়ে লোকে তাহাকে জানিতে পারে। তিনি প্রথমে জীবনব্রত উদযাপন করেন এবং পরে বলিয়া যান কি করিয়া তাহারা অনুরূপ জীবন যাপন করিতে পারিবেন। গান্ধীজী ছিলেন এইরূপ একজন আচার্য।"

—ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণাণ

মোহনদাস করমচাঁদ গান্ধী , এই মহাদেশ এমন মানুষ খুঁজে পাওয়া দুষ্কর যিনি মহাত্মা গান্ধীর নাম শুনেননি। কেউ বা তাকে বাপু বলে ডাকতে পছন্দ করেন। ধুতি আর চাদর পরিহিত শুকনো খটখটে মানুষটা ভারতবর্ষের জাতির পিতা। যিনি সারা জীবন ধরে ছিলেন অহিংসার পূজারী এবং যার জীবনের লক্ষ্য ছিল ঈশ্বর দর্শন ও আত্মদর্শন। এই ব্রতকে অবলম্বন করে সারাজীবন ছুটে চলেছেন অহিংসার পথে । হিংসার এই উত্তপ্ত পৃথিবীতে তিনি ফোটাতে চেয়েছেন অহিংসার ফুল।

আজ আমরা সেই মহামানবের ১৫০ তম জন্মবর্ষে দেখে নেব, এবং শুনে নেব তার শৈশব কাল থেকে বার্ধক্য পর্যন্ত জীবনের বিভিন্ন ওঠাপড়া এবং বিভিন্ন ধাপ।

"জগতকে নতুন করিয়া শিখাইবার আমার কিছুই নাই। সত্য ও অহিংসা শাশ্বত এবং সনাতন । " এই সত্যের পূজারী মহাত্মা গান্ধী জন্মগ্রহণ করেছিলেন ১৮৬৯ সালের ২ অক্টোবর গুজরাটের পোরবন্দরের একটি ব্রাহ্মণ পরিবারে। তার পিতা করমচাঁদ গান্ধী, যিনি ছিলেন পোরবন্দরের দেওয়ান বা মন্ত্রী এবং মাতা ছিলেন পুটলিবাই। গান্ধীজীর পরিবার জাতিতে ছিলেন বেনীয়া। সম্ভবত গোড়ায় মুদিখানার ব্যবসা করতেন কিন্তু তাঁর পিতামহ থেকে তিন যুগ পর্যন্ত তারা কাথিয়াওয়াড়ের এর বিভিন্ন রাজ্যের প্রধানমন্ত্রী ছিলেন। তিনি ছোটবেলায় প্রচন্ড লাজুক ছিলেন, কারো সঙ্গে মিশতেন না। বই ও লেখাপড়া ছিল তার একমাত্র সঙ্গী। ঘন্টা বাজলেই স্কুলে হাজির হওয়া ও স্কুল ছুটি হলে বাড়িতে ছুটে চলে যাওয়া, এটাই ছিল গান্ধীজীর প্রতিদিনের অভ্যাস । উচ্চ বিদ্যালয়ের প্রথম ব সর পরীক্ষায় একটি ঘটনা ঘটে যায়। শিক্ষাপরিদর্শক জাইলক পরিদর্শন করতে গিয়েছিলেন স্কুল। বানান অনুশীলনের জন্য তাদের পাঁচটি শব্দ লিখতে দেওয়া হয়েছিল তার মধ্যে একটি ছিল kettle. তার বানানে ভুল হয়েছিল। শিক্ষক তাকে সাহায্য করতে চেয়েছিলেন, তিনি চেয়েছিলেন পাশের ছেলেটির শ্লেটটি দেখে তিনি যেন নকল করেন । কিন্তু, তা তিনি করতে পারেননি । ফলে দেখা গেল তিনি ছাড়া অন্য সকলেই প্রতিটি বানান শুদ্ধ লিখেছে । নকল করবার বিদ্যেটি তিনি কোনোদিনই রপ্ত করতে পারেননি।

১৮৮৩ সালে মাত্র ১৩ বছর বয়সে মহাত্মা গান্ধী তার বাবা মায়ের পছন্দে ১৪ বছর বয়সী কস্তুরীবাঈ মাখাজীর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। শুধু তাই নয় গান্ধীজীর সমস্ত আন্দোলনের অনুপ্রেরণাদাত্রী ছিলেন কস্তুরীবাঈ। তাঁদের চার সন্তান জন্মায়, যথা— হরিলাল, মণিলাল, রাম দাস ও দেব দাস।

১৮৮৭ সালে গান্ধীজী ম্যাট্রিকুলেশন পরীক্ষায় পাশ করেন। এরপর ১৮৮৮ খ্রিস্টাব্দের ৪ঠা সেপ্টেম্বর ১৮ বছর বয়সে ব্যারিস্টার পড়ার জন্য তিনি ইউনিভার্সিটি কলেজ লন্ডনের ভর্তি হন। সেখানে খাওয়া-দাওয়ার বড় সমস্যা দেখা দিয়েছিল। সেখানকার অদ্ভুত লোক, অদ্ভুত চালচলন, অদ্ভুত বাসস্থান , সেসব ছিল তার কাছে একেবারে আনকোরা। অথচ তিনি তিন বছরের আগে ভারতবর্ষে ফিরতেও পারবেন না ।

গান্ধীজী সারা জীবনে অনেক পরীক্ষা-নিরীক্ষা করেছিলেন । তার মধ্যে অন্যতম হলো ধূমপান এবং গোমাংস ভক্ষণ। তাঁর মা পুতলিবাঈ ছিলেন একজন কঠিন ধর্মানুরাগী মানুষ। তিনি প্রতিদিন উপোস করতেন এবং নিরামিষাশী ছিলেন। ফলে গান্ধীজী কঠিন অনুশাসনের মধ্যে বড় হন। কোনো বদ অভ্যাস গান্ধীজীর মধ্যে ছিল না। ফলে ছোট থেকেই তার মা জীবে দয়া অহিংসা এবং বিভিন্ন সম্প্রদায়ের মাঝে পারস্পরিক সৌহার্দ্যপূর্ণ আচরণের কথা শোনাতেন। তিনি যখন বিদেশ যাত্রা করেন, তখন জৈন সন্ন্যাসী বিচার্যীর সামনে তার মার কাছে শপথ করেছিলেন যে মদ মাংস এবং উশৃঙ্খলতা ত্যাগ করে হিন্দু নৈতিক উপদেশ পালন করবেন । তিনি ইংরেজ আদব কায়দা পরীক্ষামূলকভাবে গ্রহণ করেছিলেন; যেমন নাচের শিক্ষা, গান-বাজনার শিক্ষা। কিন্তু তিনি তাঁর বাড়িওয়ালীর দেওয়া ভেড়ার মাংস এবং বাঁধাকপি খেতেন না। তিনি লন্ডনের গুটি কয়েক নিরামিষভোজী খাবারের দোকানের একটিতে প্রত্যহ ১০ থেকে ১২ মাইল হেঁটে নিয়মিত যেতেন। কিন্তু সেই খাবারও তাঁর কাছে তৃপ্তির ছিল না। শুধু তাঁর মায়ের কথায় সাধারণ নিরামিষভোজী জীবন যাপন না করে তিনি এ বিষয়ে পড়াশোনা করে একান্ত আগ্রহী হয়ে নিরামিষভোজন গ্রহণ করেন। "নিরামিষভোজী সংঘে" যোগ দেন এবং কার্যকরী কমিটির সদস্য নির্বাচিত হন।

পরীক্ষা-নিরীক্ষা বাদী গান্ধীজী একবার তার বড় ভাইয়ের সাথে ধূমপান করেন কিন্তু তার ভালো লাগেনি। একবার তার বন্ধু শেখ মেহেতাভ তাকে বুঝিয়েছিলেন, ইংরেজরা মাংস খায় বলেই তারা এত বুদ্ধিমান, দেশ শাসন করে । আর ভারতীয়রা নিরামিষ খায় বলেই তারা এখনও প্রজা হয়ে আছে । তাই গান্ধীজি এই কথায় প্রভাবিত হয়ে গোমাংস খেয়েছিলেন ।

তিনি ব্যারিস্টার হয়ে ইংল্যান্ড থেকে দেশে ফেরেন ১৮৯১ সালের 12-ই জুন। ধুতি চাদর পরিহিত নিরামিষভোজী গান্ধিজি ইংল্যান্ডে থাকাকালীন দস্তুর মত সাহেব ছিলেন। তিনি নাচ ও বেহালা শিখতেন । তিনি বোম্বাই আদালতে প্রথম আইন ব্যবসা শুরু করেন। ১৮৯৩ খ্রিস্টাব্দে জুন মাসে তিনি দাদা আব্দুল্লাহ এন্ড কোম্পানি নামক এক ভারতীয় কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়ে ২১ বছরে দক্ষিণ আফ্রিকায় যান। ১৮৯৪ খ্রিস্টাব্দে তাঁর নেতৃত্বে ইন্ডিয়ান কংগ্রেস প্রতিষ্ঠিত হয়। দক্ষিণ আফ্রিকায় ভারতীয় কৃষ্ণাঙ্গদের প্রতি শ্বেতাঙ্গদের বৈষম্যমূলক আচরণ তাঁকে প্রতিবাদী করে তোলে । একদিন ডারবান আদালতে ম্যাজিস্ট্রেট তাঁর পাগড়ি সরিয়ে ফেলতে বললে গান্ধীজী তা অগ্রাহ্য করেন এবং আদালত কক্ষ থেকে ক্ষোভে বেরিয়ে যান । পিটার ম্যারেজবার্গের একটি ট্রেনে ভ্রমণ করবার সময় গান্ধীজীর কাছে প্রথম শ্রেণীর টিকিট থাকলেও "কালা আদমী" বলে তাঁকে তৃতীয় শ্রেণীতে যেতে বাধ্য করা হয়। এই ঘটনাটি গান্ধীজীর মনে দাগ কেটেছিল।

১৮৯৬ খ্রিস্টাব্দে তিনি ভারতে সংক্ষিপ্ত সফর করেন। এই সময় দক্ষিণ আফ্রিকার ভারতীয়দের অধিকার নিয়ে তিনি আন্দোলন করেন। ১৮৯৯ খ্রিস্টাব্দে তিনি ভারতীয়দের নিয়ে একটি অ্যাম্বুলেন্স বাহিনী গঠন করেন । ১৯১২ খ্রিস্টাব্দের দিকে তিনি ইউরোপীয় পোশাক ও দুধ খাওয়া বন্ধ করে শুকনো খাবার ও তাজা ফল খেয়ে জীবন ধারণের অভ্যাস করেন ও একদিন করে অনাহারে থাকা অভ্যাস করেন। তিনি ছিলেন সত্যগ্রহ আন্দোলনের প্রতিষ্ঠাতা। ভারত সরকার তাঁর সম্মানার্থে তাঁকে ভারতের জাতির জনক হিসেবে ঘোষণা করেছিলেন। ভারতীয় জাতীয় কংগ্রেসের নেতৃত্বে আসার পর সমগ্র ভারতব্যাপী দারিদ্র্য দূরীকরণ, নারী স্বাধীনতা, বিভিন্ন জাতিগোষ্ঠীর মধ্যে ভ্রাতৃত্ব প্রতিষ্ঠা, বর্ণ বৈষম্য দূরীকরণ , জাতির অর্থনৈতিক সচ্ছলতা সহ বিভিন্ন বিষয়ে প্রচার শুরু করেন।

১৯১৭ খ্রিস্টাব্দে চুক্তিবদ্ধ শ্রমিকদের বিরুদ্ধে আন্দোলন করে সাফল্য লাভ করেন। ওই বছর চরকায় সুতো কেটে কাপড় তৈরীর ধারণা লাভ করেন । গান্ধীজি ১৯১৮ সালে চম্পারন বিক্ষোভ ও খেদা সত্যাগ্রহ নিজেকে নিয়োজিত করেন । বিহারের চম্পারণে নীলচাষীদের অবস্থা পর্যবেক্ষণ করতে গিয়ে তাকে গ্রেপ্তার করা হয়। ঐ একই বছর আমেদাবাদের বস্ত্র কারখানায় শ্রমিকদের স্বার্থ রক্ষার জন্য শ্রমিকদের নিয়ে আন্দোলন করেন।

তাঁর একটি উল্লেখযোগ্য আন্দোলন হলো অহিংস অসহযোগ আন্দোলন। ১৯২০ খ্রিস্টাব্দের ৪-ঠা সেপ্টেম্বর নাগপুরে অধিষ্ঠিত কংগ্রেসের এক অধিবেশনে অসহযোগ আন্দোলনের প্রস্তাব রাখেন। গান্ধীজী কতকগুলি বিশেষ উদ্দেশ্য পূরণের জন্য তাঁর অহিংস অসহযোগ আন্দোলনের প্রস্তাব সকলের সামনে ব্যক্ত করেন । যেমন খিলাফ সমস্যার যথাযথ সমাধান , জালিয়ানওয়ালাবাগের নৃশংস হত্যাকান্ডের প্রতিবাদ, একবছরের মধ্যে স্বরাজ অর্জন, অস্পৃশ্যতা দূরীকরণ, মাদক বর্জন ইত্যাদি।

১৯২১ সালের ডিসেম্বর মাসে গান্ধীজি ভারতের জাতীয় কংগ্রেসের নির্বাহী দায়িত্বপ্রাপ্ত হন। ১৯৩০ সালের ডান্ডি অভিযান ও লবণ সত্যাগ্রহ আন্দোলন করেন। লবণের উপর অতিরিক্ত কর আরোপ করায় গান্ধীজী ভারতীয়দের সাথে হাজার হাজার মাইল পথ হেঁটে ডান্ডির উদ্দেশ্যে রওনা দেন । এ সময় তার সহযাত্রী ছিলেন প্রায় ৬০,০০০ ভারতীয়। ইতিহাসে একে "salt marge" বলে। শুধুমাত্র নিজ হাতে লবণ তৈরির জন্য পায়ে হেঁটে ১২-ই মার্চ থেকে ৬-ই এপ্রিল পর্যন্ত এলাহাবাদ থেকে ডান্ডি পৌঁছান। এক্ষেত্রে উল্লেখ্য যে , হাটা নিয়ে মহাত্মা গান্ধীর এক বিশেষ খ্যাতি ছিল । গান্ধীজি তার জীবনে এত হেঁটেছিলেন যে পুরো পৃথিবী দুবার চক্কর দেওয়া হত , তিনি দিনে প্রায় ১৮ কিলোমিটার হাটতেন।

ভারত ছাড়ো আন্দোলন ছিল গান্ধীজীকৃত আন্দোলনের মধ্যে অন্যতম। ১৯৪২ সালে ভারতীয় স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে শ্বেতাঙ্গ বিরোধী মনোভাবের বহিঃপ্রকাশ স্বরূপ প্রথম স্বতঃস্ফূর্ত ব্যপক আন্দোলন ছিল এটি। ভারত ছাড়ো আন্দোলনের প্রধান তিনটি পর্ব দেখা যায় ।

প্রথম পর্বে এই আন্দোলন প্রধানত শহর অঞ্চলে সীমাবদ্ধ ছিল। কিন্তু দ্রুততার সাথে পুলিশ ও সামরিক বাহিনী এই আন্দোলনকে দমন করে। এই পর্বের আন্দোলন ছিল ব্যাপক ও সহিংস।

আন্দোলনের দ্বিতীয় পর্ব শুরু হয় আগস্টের মধ্যভাগে। এই পর্যায়ে ছাত্ররা বিভিন্ন কেন্দ্র থেকে ছড়িয়ে পড়ে। তারা যোগাযোগ ব্যবস্থাকে ধ্বংস করে উত্তর পশ্চিম বিহার, উত্তরপ্রদেশ, পূর্বাঞ্চল, মেদনীপুর, মহারাষ্ট্র, কর্ণাটক, উড়িষ্যা, অঞ্চলের কৃষক বিদ্রোহের নেতৃত্ব গ্রহণ করেন। সেপ্টেম্বর মাসের শেষের দিকে আন্দোলনে তৃতীয় পর্ব শুরু হয় এই পর্বের বৈশিষ্ট্য হলো শিক্ষিত যুবক সম্প্রদায় ও কৃষকদলের সন্ত্রাসী কার্যকলাপ এবং গেরিলা যুদ্ধ। মেদিনীপুরের তমলুক, মহারাষ্ট্রের সাঁতরা, উড়িষ্যার তালচের অঞ্চলে এই আন্দোলনের প্রভাব লক্ষ্য করা যায়।



চৌরিচৌরার ঘটনা গান্ধীজীর জীবনে আরেকটি গুরুত্বপূর্ণ অধ্যায়। ৫-ই ফেব্রুয়ারি ১৯২২ খ্রিস্টাব্দে ব্রিটিশ ভারতের অন্তর্ভুক্ত গোরখপুর জেলায় অবস্থিত চৌরিচৌরা অসহযোগ আন্দোলনে অংশগ্রহণকারী বিক্ষোভকারীদের একটা বড় দল ধ্বংসাত্মক কার্যক্রম লিপ্ত হয়ে পড়ে। তারা একটি পুলিশ থানায় আগুন দেয় এবং প্রত্যুত্তরে পুলিশ গুলি চালায়। এই ঘটনায় ৩-জন নাগরিক এবং ২৩ জন পুলিশ পুড়ে মারা যান। এই সহিংস আন্দোলনে গান্ধীজী ক্ষুব্ধ হয়ে পড়েন এবং ভারতীয় জাতীয় কংগ্রেস এই ঘটনার প্রত্যক্ষ ফল হিসেবে অসহযোগ আন্দোলন স্থগিত রাখে।

এবার গান্ধীজী জীবনের কিছু গুরুত্বপূর্ণ এবং উল্লেখযোগ্য ঘটনার দিকে আলোকপাত করা যাক—

গান্ধীজীর নোবেল শান্তি পুরস্কারের জন্য পাঁচবার তথা ১৯৩৭ , ১৯৩৮ , ১৯৩৯ এবং ১৯৪৭ সালে মনোনীত হয়েছিলেন, কিন্তু পাওয়া হয়নি একবারও। আরেকবার মনোনীত হন ১৯৪৮ সালে কিন্তু সে বছরই জানুয়ারি মাসে তিনি মারা যান। পরে ওই বছর নোবেল শান্তি পুরস্কার কাউকে দেওয়া হয়নি। কারণ হিসেবে নোবেল কমিটি বলেছিলেন, পুরস্কার দেওয়ার মত যোগ্য কাউকে খুঁজে পাওয়া যায়নি। গান্ধীজি পুরস্কারটি না পাওয়ায় নোবেল কমিটি আফসোস করেছিল বেশ কয়েকবার। চারটি মহাদেশের বারোটি দেশের নাগরিক অধিকার আন্দোলনের সূচনা হয়েছিল মহাত্মা গান্ধীর হাত ধরেই। ভারতে ৫৩-টি প্রধান রাস্তার নামকরণ করা হয়েছে তাঁর নামে, শুধু তাই নয় বাইরের দেশেও তার নামে প্রায় ৪৮ টি রাস্তা আছে। স্টিভ জোবস মহাত্মা গান্ধীর বড় ভক্ত ছিলেন। মহাত্মা গান্ধীর প্রতি সম্মান স্বরূপ তিনি গোল ফ্রেমের চশমা পড়তেন । গান্ধীজী ইংরেজি বলতেন আইরিশ উচ্চারণে, কারণ তাঁর শুরুর দিককার একজন শিক্ষক ছিলেন আইরিশ। আইনস্টাইন, হিটলার সহ অনেকের সাথে তার যোগাযোগ ছিল । এমনকি হিটলারকে লেখা এক চিঠিতে তাকে "Dear Friend" বলে সম্বোধন করেছেন গান্ধীজী।

গান্ধীজী নামের সঙ্গে জুড়ে আছে মহাত্মা পদবী , এই পদবীটি দিয়েছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর। ১৯১৫ সালে শান্তিনিকেতনে ভ্রমণের সময় গান্ধীজী রবীন্দ্রনাথকে 'গুরুদেব' বলে সম্বোধন করেন, জবাবে কবিগুরু বলেন আমি যদি 'গুরুদেব' হই তাহলে আপনি 'মহাত্মা'। তারপর থেকেই গান্ধীজী 'মহাত্মা' নামে পরিচিত হন। গান্ধীজী কে "জাতির জনক" নামে ডাকা হয় সেই পদবী ১৯৪৪ সালের ৬-জুলাই তাকে দিয়েছিলেন নেতাজি সুভাষচন্দ্র বসু ।

ভারতবর্ষে একমাত্র মহাত্মা গান্ধী Time Person of the year খেতাব পান। South Africa-য় তাঁর অবস্থানের শুরুর দিকে তিনি British Army-তে strature বহনকারীদের স্বেচ্ছাসেবী হয়েছিলেন। ডারবান, প্রিটোরিয়া ও জোহান্সবার্গে তিনটি ফুটবল টিম প্রতিষ্ঠা করেছিলেন গান্ধীজি । প্রত্যেকটিরই নাম দিয়েছিলেন Passive Resisters Soccer Club.

মহাত্মা গান্ধীর উদারতার কথা আমরা সবাই জানি। একবার ট্রেনে ওঠার সময় মহাত্মা গান্ধীর একটি পায়ের জুতো পড়ে যায়। তখনই সঙ্গে সঙ্গে আরেকটি জুতো ছুড়ে ফেলেন, যা পড়ে যাওয়া জুতোর কাছাকাছি গিয়ে পড়ে। যাতে সহজে কেউ জুতোজোড়া পেয়ে যান। South Africa-র নাটালে দাদা আব্দুল্লাহ কোম্পানির আইনজীবী হিসাবে গান্ধীজীর বেতন ছিল ১৫ হাজার ডলার, বর্তমান সময় হিসেব করলে যা দাঁড়ায় ১২ লাখ টাকার ওপরে। গান্ধীজী অনায়াসে সেই সময় শীর্ষ ৫ ধনী ভারতীয় তালিকায় আসতে পারতেন, কিন্তু তিনি সে চাকরি ছেড়ে দিয়ে ভারতে সত্যগ্রহ হিসেবে কাজ করার জন্য ফিরে আসেন । স্বাধীনতা ঘোষণার সময় তিনি দিল্লিতে উপস্থিত ছিলেন না , তাই তিনি সেটা উদযাপন করতে পারেননি। তিনি তখন বাংলায় দাঙ্গা ঠেকানোর কর্মসূচির অংশ হিসেবে অনশন কর্মসূচি পালন করছিলেন।

১৯৪৮ সালের ৩০শে জানুয়ারি, ভারত ভাগের প্রায় দেড় বছর পরেই দিল্লির বিড়লা হাউসে হত্যা করা হয় মোহনদাস করমচাঁদ গান্ধীকে। বিড়লা হাউস দিল্লির সুপরিচিত ব্যবসায়ী ঘনশ্যাম দাস বিড়লার একটি বড় বাড়ী। তিনি নিজেও গান্ধীজীর অনুসারী ছিলেন। ১৯৪৭ সালের ৯ই সেপ্টেম্বর শেষবারের মত গান্ধীজী দিল্লিতে আসেন। এর আগেও যখনই তিনি দিল্লি এসেছেন, প্রত্যেকবার তিনি 'ভাঙ্গি কলোনি' নামেক এক জায়গায় থাকতেন। কিন্তু শেষবার তিনি যখন দিল্লি আসেন, তখন অন্যান্য জায়গার শরনার্থীরা থাকার ফলে তাঁকে আশ্রয় নিতে হয়েছিল বিরলা হাউসে। মূলত হিন্দু-মুসলিমদের মধ্যে অশান্তি থামানোর জন্য তিনি দিল্লিতে এসেছিলেন। কিন্তু দিল্লিতে এসে দেখলেন মুসলমানদের ওপর হামলা হচ্ছে। তখন তিনি সিদ্ধান্ত নেন তিনি দিল্লিতেই থেকে যাবেন। দিল্লি বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক অপূর্বানন্দ বলেছিলেন, কলকাতায় তিনি যেটা করেছিলেন অর্থা হিন্দু আর মুসলিমদের মধ্যে মিল সেটি দিল্লিতেও করতে চেয়েছিলেন। এছাড়া শিখ এবং হিন্দুদের তিনি বোঝাতে চেয়েছেন মুসলমানদের ওপরে যেন হামলা না করে। বিরলা হাউসে ছিল তাঁর অফিস। রাজনৈতিক সমস্ত বৈঠক সেখানে অনুষ্ঠিত হতো। রাজনীতিবিদ ছাড়াও সাধারণ মানুষ আসতেন তার সাথে দেখা করতে বিভিন্নভাবে অভিযোগ অনুযোগ নিয়ে।

স্বাধীনতার পরপরই ছিল সময়টা। অধ্যাপক অপূর্বানন্দ বলেছেন, বিড়লা হাউস থেকে তিনি সরকারের কেন্দ্রীয় মন্ত্রী সচিব এবং গুরুত্বপূর্ণ কর্মকর্তাদের সাথে প্রতিদিনই বৈঠক করতেন। ১৯৪৭ সালে পাকিস্তান এবং ভারত নামে দুটি পৃথক দেশ সৃষ্টি হওয়ায় অনেক রাজনৈতিক ধর্মীয় এবং সামাজিক সমস্যা অমীমাংসিতই রয়ে গেছিল। উত্তেজনা বিরাজ করছিল ভারতের বিভিন্ন প্রদেশে। জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মৃদুলা মুখার্জি জানান, " বিড়লা হাউসে থাকার সময় টা মোটেও শান্তিপূর্ণ ছিল না মিস্টার গান্ধীর জন্য, চারিদিক থেকে দাঙ্গার খবর তিনি নিজেও পাচ্ছিলেন। তার উপরে হামলা হতে পারে, একথা জেনেও কখনো তিনি নিরাপত্তারক্ষী রাখতেন না। "

বিড়লা হাউসে মিস্টার গান্ধীকে পরিচর্যায় দায়িত্বে ছিলেন ব্রিজ কৃষ্ণা চান্দিওয়ালা, মনু এবং আভা নামে তার কয়েকজন আত্মীয়। ভারত সরকারের অনেকগুলো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে তিনি এসময় সাহায্য করেছিলেন। তবে মুসলমানদের ওপর হামলা যখন একেবারে থামছিল না তখন তিনি জানুয়ারির ১৩ তারিখে অনির্দিষ্টকালের জন্য অনশন করার ঘোষণা করেন। ১৮-ই জানুয়ারি বিভিন্ন সংগঠনের নেতারা তাকে আশ্বস্ত করেন যে মুসলমানদের ওপর হামলা হবে না। তাদের কথায় বিশ্বাস করে ১৯ তারিখে তিনি অনশন ভঙ্গ করেন, কিন্তু এর দু'দিন পরেই বিড়লা হাউসে বোমা বিস্ফোরণ হয় এবং ৩০-শে জানুয়ারি নাথুরাম গডসের অভ্যর্থ ভেদে শেষনিঃশ্বাস ত্যাগ করেন মোহনদাস করমচাঁদ গান্ধী। সকাল ও সন্ধ্যায় প্রার্থনা করতেন তিনি, সেখানে ধর্মের কথা বলা হতো। প্রতিদিন অংশ নিতেন কয়েক শ' মানুষ। সেদিনও সন্ধ্যায় প্রার্থনা সভার জন্য প্রস্তুতি নিচ্ছিলেন গান্ধীজি। ঠিক সেই মুহূর্তে নাথুরাম গডসে তিনটি গুলি ছোড়েন তার বুক লক্ষ্য করে। ইতিহাসবিদ মোহেল হাশমী বলেছেন গুলি ছোড়ার আগে গডসে গান্ধীজীর দিকে ঝুকে প্রণাম করেন। স্থানীয় সময় বিকেল ৫ টা ১৭ মিনিটে মৃত্যু হয় মোহনদাস করমচাঁদ গান্ধীর। মি: হাশমী বলেছেন, গুলি ছোড়ার পরে তাকে ঘরে নিয়ে আসা হলেও ধারণা করা হয় ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছিল। গান্ধীজীর শবযাত্রার মিছিলে প্রায় ৮ কিলোমিটার দীর্ঘ হয়েছিল।

গান্ধী হত্যার দায় নিয়ে গডসে কে ফাঁসির আদেশ দেওয়া হয়েছিল ১৯৪৯- এর ১৫-ই নভেম্বর। দিল্লির লালকেল্লায় গান্ধী হত্যার বিচার চলার সময় নাথুরাম গডসে নিজেও স্বীকার করেছিলেন যে তিনি দেশভাগের জন্য গান্ধীজীকেই দায়ী বলে মনে করতেন। আদালতে বলেছিলেন নাথুরাম গডসে বলেছিলেন "গান্ধীজী দেশের জন্য যা করেছেন, আমি তাকে সম্মান করি। গুলি চালানোর আগে তাই আমি মাথা নীচু করে তাঁকে প্রণামও করেছিলাম" । তার এক সহযোগী নারায়ন আপ্তেরও ফাঁসি হয়েছিল একই সঙ্গে। তার মৃত্যুর 21 বছর পরে তাকে সম্মান জানিয়ে গ্রেট ব্রিটেন সরকার গান্ধীজীর ছবি সহ একটি স্মারক প্রকাশ করেন। "অহিংস ভাবে গোটা বিশ্বকে তুমি আন্দোলিত করতে পারো"— এই মহান বক্তব্যটির বক্তা মহাত্মা গান্ধী। যিনি নিজের পুরো জীবনটাই অহিংস আন্দোলনের মধ্যে কাটিয়েও সহিংসতার মধ্যে খুন হয়েছিলেন। ভারতীয় উপমহাদেশের রাজনীতির ইতিহাসে যে নামটি চিরকাল খোদাই হয়ে থাকবে, তিনিই হলেন মহাত্মা গান্ধী।

যুগে যুগে কিছু মানুষ আসেন যাদের নেতৃত্ব, দর্শন পাল্টে দেয় গোটা দুনিয়াকে। মানুষ খুঁজে পায় স্বাধীনতার স্বাদ। তাদের জীবনাচরণ, আদর্শ ও নীতিগত দিক পথ দেখায়। অন্ধকারে তারা আসেন আলোর মশাল নিয়ে। নতুন করে ভাবতে শেখান, নিজেদের অধিকার আদায় করতে শেখান। তেমনি একজন মহামানব কিংবদন্তি মহাত্মা গান্ধী। যার হাতে দমিত হয়েছে ব্রিটিশ শাসকের শাসন। সূচিত হয়েছে স্বাধীনতার সূর্য। জীবনের সবটুকু দিয়ে রচনা করেছেন মানবকল্যাণের বাণী। এই মহান আত্মা সদাজাগ্রত থাক আমাদের হৃদয়ে । আমাদের শির নম্রতার সাথে অবনত হোক তার পদতলে।

NABANITA BHATTACHARYA
Asst. Prof., Bengali
GTTC, Choa, Hariharpara, MSD

FROM MOHAN TO MAHATMA

It has been seventy years since Mahatma Gandhi departed from our midst. But his life and soul continue to animate humanity transcending national and international boundaries. His contribution to human development is far too great and varied to have been forgotten or to be overlooked. Mahatma Gandhi, byname of **Mohandas Karamchand Gandhi**, (Born on October 2, 1869, Porbandar, India & Died on January 30, 1948, Delhi), Indian lawyer, politician, social activist, and writer who became the leader of the nationalist movement against the British rule of India. As such, he came to be considered the father of his country. Gandhi is internationally esteemed for his doctrine of nonviolent protest (satyagraha) to achieve political and social progress.

The life of Mohandas Karamchand Gandhi is a story of heroic effort to establish the values of Truth and Non-violence in human life. He became a messenger, for the people of the world surrounded by fire of violence in the twentieth century. He also became '*The Father of The Nation'*. He saved India and Britain from mutual hate and revenge by resorting to the experiment of Truth and Non-violence in India's struggle for freedom.

This created an atmosphere which made it possible for other countries of Asia and Africa to free themselves without bloodshed from the hold of the European countries which had subdued them in the nineteenth century.In the eyes of millions of his fellow Indians, Gandhi was the Mahatma *("Great Soul").*

Being born in a middle class *Vaishnava* family and brought up in that atmosphere till he joined school and received instruction according to the system then prevailing, he lived, dressed and dined in the way all children of that class did. Later, he went to England for studies and changed his dress to suit the conditions of that country. But in food and certain other matters, he remained true to the lesson he had learnt early in life. On his return to India after being called to the Bar, he passed through difficult times as all beginners in the profession of the law have to do and it was as a lawyer that he went to South Africa to help a client. He had, however, to spend many years there as the condition of Indians and the treatment they received demanded that he should serve them rather than return to India. His struggle with the authorities brought about a considerable change in his life and by the time he returned to India, he had already become a Mahatma. His dress in India on his return was different from what he used to wear when he was practicing as a Barrister and conformed to the old *Kathiawadi* type.

If in South Africa it was the Railway Ticket Collector who paved the way for the birth of a *Satyagrahi,* in India it was a poor peasant from *Champaran*, Rajkumar Shukla, who provided him a platform to test the power of Satyagraha on the Indian soil. His campaign in favour of the *non-co-operation* movement brought about another change which identified his outward appearance with that of the humblest and lowliest of the land and he stuck to the loin cloth till he departed with the name of God on his lips.Mahatma Gandhi was imprisoned several times in his pursuit of non-cooperation and undertook many 'fasts' to protest against the oppression of the down trodden in India.He invented the techniques of mass –civil disobedience in South Africa which were later emulated in India and across the world.



On January 30th, 1948, the assassin's bullet ended the physical existence of Mahatma Gandhi and made him immortal who left an indelible legacy to the mankind –'My life is my Message'.



SOURCE : www.gandhi.org.in

JINIA SULTANA
B.ED.– 1ST SEM
SESSION: 2019-21

মহাত্মা গান্ধীর মূল্যবোধ শিক্ষা

"... আমি যে বস্তু দেখিয়াছি তাহার প্রত্যেকটিই ত্যাজ্য অথবা গ্রাহ্য এই দুই ভাগে ভাগ করিয়া লইয়াছি এবং যাহা গ্রাহ্য বলিয়া বুঝিয়াছি সেই অনুযায়ী আচরণ করিয়াছি। এইভাবে অনুষ্ঠিত কর্ম যতক্ষণ আমার বুদ্ধিকে এবং আত্মাকে সন্তুষ্ট রাখিবে ততক্ষণ আমি যে পরিণামকে লক্ষ্য করিয়া কাজ করি, তাহাই সত্য বলিয়া বিশ্বাস করিব।"

গান্ধী দর্শনের মৌলিক প্রত্যয় হলো মানবিক মূল্যবোধ, মানবতাদ যার পূর্বসুরি, গান্ধীজী সেই মহান মানবিকতাবাদী ঐতিহ্যের চূড়ান্ত অভীষ্ঠ মনুষ্য জীবনকে জাগতিক ক্ষেত্রে উন্নীত করার প্রয়াসই ছিল তার জীবন সাধনা, শিক্ষাক্ষেত্রে মানবীয় মূল্যবোধের সুযোগ্য প্রতিফলন অন্যতম সোপান হিসাবে তিনি ন্যায়পরায়নতা সত্যতা ও অহিংসতাকে পাথেয় করেছিলেন, এগুলির বাস্তবায়ন কল্পে তাঁর 'রাষ্ট্রহীন গনতন্ত্র' বা 'রামরাজ্য'- ধারণাটি মূর্ত হয়ে ওঠে। মূল্যবোধ শিক্ষা প্রসঙ্গে তিনি

মানুষের অন্তর্নিহিত মানবতার উপর অপরিসীম আস্থা নিয়ে বিশ্বাস করেছেন যে, শাশ্বত মানবিক সত্য এবং ন্যায়ের আবেদন লোকতান্ত্রিক সমাজ ব্যবস্থার স্বার্থ প্রহরীরা অত্যাচারের মননে একদিন সহানুভূতির স্পন্দন জাগ্রত করবে। মূল্যবোধ শিক্ষায় তার আবেদন ছিল শিক্ষার্থীর অন্তর্নিহিত নৈতিক শক্তির কাছে, তাই তিনি অগ্রাধিকার দিয়েছেন আত্মশক্তি উদ্বোধনের। মূল্যবোধ শিক্ষা প্রসঙ্গে গান্ধীজীর ঐকান্তিক মানবিকতাবাদ, মানবতার জন্য অপার প্রীতি, গণমুক্তির জন্য নিয়তধ্যান নিরলস প্রচেষ্টা এবং এই উদ্দেশ্যে আত্মাহুতি, জনসাধারণের সঙ্গে একান্ততার বন্ধ নিশ্চয়ই আগামী প্রজন্মের ভাবি নাগরিকদের যাত্রাপথে অমূল্য সঞ্চয় হিসেবে গণ্য হবে একথা বলাবাহুল্য তাঁর প্রদর্শিত মূল্যবোধকে পাথেয় করেই ও তার সহচর্য অনুরক্ত হয়ে বর্তমান প্রজন্ম এক পবিত্র মানবিক আবেগের উদ্দীপ্ত হবে এবং সেই আবেগের সঞ্চার করবে সমগ্র জনজীবনে, এই স্বতো সারিত মানবিক মূল্যবোধ-শিক্ষায় গান্ধীর চিন্তার ইতিবাচক দিক, সেই অর্থেই তাঁর 'Humanisim' এর অবদান আজও সমান প্রাসঙ্গিক ও তা পর্য্যমণ্ডিত।

KANISKA PAL
Asst. Prof., Education
GTTC, Choa, Hariharpara, MSD

"Literacy in itself is no education. Literacy is not the end of education or even the beginning. By education I mean an all-round drawing out of the best in the child and man-body, mind and spirit."

Mahatma Gandhi

শিক্ষার্থী-শিক্ষক সম্পর্ক

একজন ছাত্রের লেখাপড়ার পেছনে তার শিক্ষক ও অভিভাবকের গুরুত্ব সমান। তাদের সঙ্গে সম্পর্কটা ও সহজ হওয়া প্রয়োজন। কিন্তু শিক্ষক শিক্ষার্থী সম্পর্ক মোটেও সহজ নয়। একটি ভুল করবার পর ও তার শিক্ষক-শিক্ষিকা বা অভিভাবকের সাথে আলোচনা করার মতো সম্পর্ক কয়েকটা পরিবারের রয়েছে। তাই আমাদের শিশু-কিশোররা নিজেদের ভেতরে গুমরে মরে। ছেলে মেয়েদের বেড়ে উঠার সময়টা খুব গুরুত্বপূর্ণ কারণ যতদিন যায় তারা নতুন নতুন জিনিসের সঙ্গে পরিচিত হতে থাকে। মুখোমুখি হয় নতুন নতুন পরিস্থিতির। কৈশোর বয়সে খুব আবেগপ্রবণ থাকে ছেলেমেয়েরা তাই তাদের মন বুঝে কথা বলতে হয়। কোন কিছু শিখাতে হলে হুকুম বা বাধ্য না করে বন্ধুর মতো বোঝাতে হয়। বিশেষজ্ঞরা বলেছেন, শিক্ষককে শিক্ষার্থীর ক্লাসের বাইরে কিংবা একাডেমিক কাজ ছাড়াও কথা বলার সময় দিতে হবে। শিক্ষার্থীদের কাছে শিক্ষকরা শুধু শিক্ষক নয় অনেকটা গাইড, ফিলোসফারের এর মত। কেননা সব শিক্ষার্থী শিক্ষিত পরিবার থেকে আসে না, সে ক্ষেত্রে একজন শিক্ষক হতে পারেন সবচেয়ে কাছের মানুষ। ভারতের নাগরিক পশ্চিমবঙ্গের নিরুপমা রায় ফেসবুকে লিখেছেন, তিনি ইন্টারমিডিয়েট পরীক্ষার সময় হাতে কিছু পয়েন্ট লিখে নিয়ে গিয়েছিলেন। শিক্ষকের হাতে তিনি ধরা পড়েন। তাঁকে অধ্যক্ষের রুমে নিয়ে যাওয়া হয়। খাতা মিলিয়ে দেখা হয় সেই পয়েন্টগুলো তিনি খাতায় লিখেছেন। অধ্যক্ষ তাকে কোনরকম বকাঝকা না করে তাকে নতুন খাতা দিয়ে বললেন আবার লেখো । এত সুন্দর সহজ সমাধান যে হতে পারে সাধারণত কেউ ভেবে দেখেন না। এখানে নকল করাকে কেউ সমর্থন করছে না। কিন্তু এই বয়সটাই ভালো মন্দ না বুঝে পদক্ষেপ নেওয়ার বয়স। সেই বয়সে শিশু-কিশোরের যেকোনো পদক্ষেপকে শিক্ষক ও অভিভাবকের সহমর্মিতার সঙ্গে দেখতে হবে এবং বোঝাতে হবে। অনেকেই বলেন বিশ, ত্রিশ বা পঞ্চাশ বছর আগেও শিক্ষক শিক্ষার্থী সম্পর্ক ছিল গুরু-শিষ্যের। শীষ্য যে ভক্তি নিয়ে শিক্ষককে সমীহ করত, শিক্ষকরাও সেই মর্যাদা কে ধরে রাখতে নিজেদের সেই উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য পড়াশোনা করতেন, আদর্শবান হতেন। আধুনিক সময়ে বলা হচ্ছে শিক্ষক হবে বন্ধুর মতো। কিন্তু তারপরেও শিক্ষক সেই সমীহ করবার স্থান কি আগের তুলনায় অনেকটাই হারিয়ে ফেলেননি? যদি হারিয়ে থাকেন তার কারণ কী? উত্তরে বিশেষজ্ঞরা বলেছেন, শিক্ষার বাণিজ্যিকীকরণের কারণে এমনটাই ঘটেছে। শিক্ষা জ্ঞান আহরণের বিষয় আর নেই। শিক্ষা হয়ে গেছে ভালো চাকরি পাওয়ার সিঁড়ি। বাণিজ্যিকীকরণ হচ্ছে বলেই একই শিক্ষকের ক্লাস করে এসে তার কাছে প্রাইভেট না পড়লে ভালো নাম্বার পাওয়া যাচ্ছে না। বর্তমানে শিক্ষক-শিক্ষিকারা প্রতিটি শিক্ষার্থীকে সমান নজরে দেখেন না। হয়তো যে পড়াশোনায় ভালো তার প্রতি বেশি নজর দিচ্ছেন, ফলে শিক্ষার্থীর মনে ক্ষোভের সঞ্চার হচ্ছে, ভীতির সঞ্চার হচ্ছে। তাদের মধ্যে হীনমন্যতা দেখা দিচ্ছে। তাই শিক্ষকের সকল ছাত্র-ছাত্রীদের সমান নজরে দেখা খুবই প্রয়োজন। আর শিক্ষককের বন্ধুর মতো মিশে শিক্ষার্থীদের সমস্যাগুলি জেনে একজন পথপ্রদর্শকের মতো সঠিক পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ দেওয়া এবং গাইড করা প্রয়োজন।

All of Mahatma Gandhi's possession, captured in 1938

JANNATUN FERDOUS
D.EL.ED.- 2nd YEAR
SESSION: 2018-2020

গান্ধীজির জীবন দর্শন

মানবতাবাদী ভারত-গৌরব মহাত্মা গান্ধী একজন রাজনীতিবিদ হিসাবে পরিচিতি ছিলেন না, তিনি ছিলেন অহিংসা মানবাধিকার এবং সত্যের একনিষ্ট পুজারী। গান্ধীজির দর্শন পর্যালোচনা করলে দেখা যাই অহিংসা তাঁর মতবাদ নিজ জীবনের বহুমুখী কর্মধারায় উপর প্রতিষ্ঠিত। গান্ধীজী অহিংসা ধারনাটিকে নিজ জীবনে দিয়ে প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন,ন্যায়বিচার মানবাধিকার প্রতিষ্ঠা কালে তিনি যে, সত্য ও অহিংসার নীতি অনুসরন করে গনতান্ত্রিক আন্দোলন সংঠিত করেছিলেন তা হল,তাঁর মতাদর্শের জ্বলন্ত উদাহরণ।গান্ধিজির দৃঢ় বিশ্বাস ছিল একমাত্র সত্য অনুসরন করে এবং সকল প্রকার হিংসা বর্জন করে মানুষের সর্বোচ্চ আদর্শ অর্থা পুরুষার্থ লাভ করা যায়। গান্ধীজি মনে করেন সহিংস বল প্রয়োগের মাধ্যমে স্বাধীনতা ও সাম্য সুরক্ষিত হয় না এবং হিংসার দ্বারা ব্যক্তিত্বের বিকাশ সাধন করাও যাই না। গান্ধীজির দর্শন হল কোনো কাজের গৃহিত উপায় উদ্দেশ্যের ন্যায্যতা প্রতিষ্ঠা করা(The mans must justify the end) অহিংসা হল সততা। স পথেই স উদ্দেশ্য সাধন করা যায়। অর্থা অহিংসার মাধ্যমেই স উদ্দেশ্য সাধন করা সম্ভব। হিংসার উ স হল ঘৃণা ও বিদ্বেষ। অহিংসার উপাদান হল ভালোবাসা,উদারতা। হিংসা ঘটায় বিচ্ছেদ আর অহিংসা নিয়ে আসে সৃষ্টি ও সংহতি।

গান্ধীজির অহিংসার ধারনাটি সত্যাগ্রহের সঙ্গে অচ্ছেদ্য সম্পকে আবদ্ধ। সত্যাগ্রহ অথা অহিংসা ভিত্তিক অসহযোগ আন্দোলন ছিল তাঁর জীবনের বৈশিষ্ট্য। এই ছিল সমাজ পরিবর্তনের সর্বো কৃষ্ট পদ্ধতি। অহিংসা শব্দের মুলত দুটি দিক আছে, সদর্থক দিক ও নঞর্থক দিক। গান্ধীজি সদর্থক দিকটিকেই গুরুত্ব দিয়েছেন। অহিংসা বলতে সাধারনত আঘাত না করা বা হত্যা না করাকে বোঝায়। কিন্তু গান্ধীজি এগুলিকে এক একটি উদাহরণ হিসাবে দেখিয়েছেন। তাঁর মতে যে কোনো ধরনের আঘাত শারীরিক বা মানসিক যাই হোক না কেন হিংসারই নামান্তর। অহিংস হতে গেলে রাগ, দ্বেষ, হিংসা প্রভৃতি থেকে দূরে থাকতে হবে। একমাত্র ভালেবাসাই পারে মানুষের অন্তরতম আত্মাকে শুদ্ধ রাখতে। ভালবাসার অসাধ্য সাধন হয়, শত্রু বিনাশ হয়, জীবন সার্থক হয়।

গান্ধীজির মতে, স্বরাজ ও সবোদয় এই দুটি লক্ষ্য বাস্তবায়িত করার অন্যতম পথ হল অহিংসা। কিন্তু দুঃখের বিষয় গান্ধীজির অহিংসা নীতি বাস্তবে কোথাও কার্যকর হয়নি।স্বদেশে স্বাধীনতা আন্দলনের সময় অনেকে সশস্ত্র আন্দলনের পথ অনুসরণ করেছিলেন। গান্ধীজির অহিংসার বানী কিছুটা জৈন ভাবধারার দ্বারা প্রভাবানিত ছিল। তাঁর এই উচ্চমার্গের ভাবধারা কত্রিম বা বাহ্যিক ন বরং আত্মিক। স্বার্থপরতা, হিংসা, মানুষকে মানুষের থেকে দূরে রাখে তাই গান্ধীজি যে অহিংসার বানী প্রচার করেছিলেন তা সর্বদেশে ও সর্ব কালে সমান ভাবে সমাদৃত।

APARAJITA DAS
D.EL.ED.- 2nd YEAR
SESSION: 2018-2020



একজন শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে কেমন সম্পর্ক হওয়া উচিত

T~Talented
E~Educated
A~Adorable
C~Charming
H~Helpfull
E~Encouraging
R~Responsible.

একজন আদর্শ শিক্ষক তিনি এই বৈশিষ্ট্যগুলির অধিকারী এই দিক গুলি থেকে আমরা বুঝতে পারি যে আমাদের জীবনে একজন আদর্শ শিক্ষকের ভূমিকা কতটা এবং আমাদের পরবর্তী ভবিষ্য গঠনে কতটা কার্যকরী ও প্রভাব বিস্তারকারী। এবার আমরা মূল বিষয়ে আলোচনা করি শিক্ষার্থীদের একটি সহজাত বৈশিষ্ট্য হলো তারা প্রশ্ন করতে খুব ভালবাসে সেই প্রশ্নের উত্তর সবসময় পিতামাতারা দিতে পারেনা কিন্তু শিক্ষকরা প্রতিনিয়ত ধৈর্যের সাথে উত্তর দিতে থাকেন এবং শিক্ষার্থীর জানার চাহিদাকে বাড়িয়ে তোলে। এখন শিক্ষক ছাত্রদের সঙ্গে বন্ধুসুলভ আচরণ করলে এবং উ সাহিত করলে তারা খুব খুশি হয় ও একে অপরের সঙ্গে দীর্ঘ সম্পর্ক আবদ্ধ হয় এই প্রক্রিয়ায় শিক্ষণ কৌশল কে আরও সহজ করে তোলে।

আমার নিজের বাস্তব ছাত্রজীবন চলাকালীন এটা মনে হয়েছে যে শিক্ষার্থীরা সব সময় চাই এমন একজন 'Mentor' কে যিনি সবসময় যে কোন পরিস্থিতিতে Mentor কে নিজের সমস্যা বলতে পারবে এবং তিনি সব সময় তার পাশে দাঁড়িয়ে তাকে সঠিক পরামর্শ দেবেন। তাই এই Mentor যদি শিক্ষক-শিক্ষিকা হয় তবে শিক্ষক এবং শিক্ষার্থী সম্পর্কটা সার্থক হবে।

শেষ দুটো লাইন আমার প্রিয় টিচারদের জন্য~~~

একজন মা তার সন্তানকে জন্ম দিতে পারেন, কিন্তু একজন আদর্শ শিক্ষক শিশুটিকে মানুষের মত মানুষ তৈরি করতে সাহায্য করে।

SAMIM RANA
D.EL.ED.- ALUMNI
SESSION: 2017-2019

শিক্ষার গুরুত্ব

'শিক্ষা' অদ্ভুত ভয়ানক সুন্দরতম একটি শব্দ। 'শিক্ষার গুরুত্ব' বিষয়টির ওপর গুণীজন নিজস্ব ভঙ্গিমায় আলোকপাত করেছেন। সেসবই জানা রয়েছে সকলের। ভেতরের যাবতীয় সম্ভবনার পরিপূর্ণ বহিঃপ্রকাশের সুন্দর ও সাবলীল পন্থা হল শিক্ষা।অন্যভাবে ব্যাখ্যা করলে বলা যায়- বিভিন্ন বিষয়ের ওপর নিজস্ব দৃষ্টিভঙ্গির যৌক্তিক প্রকাশই হলো শিক্ষা। আবার এইভাবেও শিক্ষাকে বর্ণন করা যায়- সুন্দর ও স্বাভাবিক ভাবে বেঁচে থাকার জন্য আমৃত্যু লড়ায়ের সর্বো হাতিয়ারই হল শিক্ষা। এটা বললেও ভুল হয়না-অতীত ও বর্তমান অভিজ্ঞতার মেলবন্ধনের ওপর দাঁড়িয়ে ভবিষ্যতকে সাজিয়ে তোলার নামই হল শিক্ষা।

